

ঢাকা বিশ্ববিদ্যালয় পরিস্থিতি

আতংক ও উৎকণ্ঠার মধ্যে
আজ পরীক্ষা শুরু

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।
আজ ১২ নভেম্বর মঙ্গলবার চরম
উৎকণ্ঠা ও অনিশ্চয়তার মাঝেই ঢাকা
বিশ্ববিদ্যালয়ের স্নাতক সনাতন অনার্স
ও মাস্টার্স ডিগ্রী পরীক্ষা পুনরায় শুরু
হচ্ছে।

গত ২৭ অক্টোবর ক্যাম্পাসে
সংঘটিত রক্তক্ষয়ী সংঘর্ষের পর
কর্তৃপক্ষ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল
পরীক্ষা ও ক্লাসসমূহ বন্ধ ঘোষণা
করেছিলেন। পরবর্তীতে গত ৭
নভেম্বর বিশ্ববিদ্যালয় খুলে দেয়া
হলেও এখন পর্যন্ত কোন ক্লাস
অনুষ্ঠিত হয়নি। প্রতিদিন বহু ছাত্র-
ছাত্রী ক্যাম্পাসে এসে ব্যর্থ মনে ফিরে
যাচ্ছে। উল্লেখ্য, ক্যাম্পাসে সাধারণ

ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের নিরাপত্তা
বিধান করার দাবিতে ঢাকা
বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ
অনিদিষ্টকালের জন্যে কর্মবিরতি
৭-এর পূঃ ৭-এর কলামে

33

ঢাকা বিশ্ববিদ্যালয় পরিস্থিতি

প্রথম পৃষ্ঠার পর

পালন করছেন। এসব কারণে এখন
পর্যন্ত কোন ক্লাস হয়নি। এদিকে আজ
থেকে কর্তৃপক্ষ স্নাতক অনার্স ও
মাস্টার্স ডিগ্রীর সকল পরীক্ষা পুনরায়
অনুষ্ঠানের কথা ঘোষণা করেন। কিন্তু
পরীক্ষার্থী সকল ছাত্র-ছাত্রীর মধ্যে
এখনও উৎকণ্ঠা কাটেনি। যে কোন
মুহুর্তে পরীক্ষা বন্ধ হয়ে যেতে পারে
এই আশংকা তাদের মধ্যে। গতকাল
সোমবার দুপুরে মধুর কেটিনের
সামনে একদল সশস্ত্র তরুণ
অধুনা বিলুপ্ত জাতীয় ছাত্রলীগ নেতা ও
ডাকসুর সাবেক পরিবহন সম্পাদক
অহিদুজ্জামান চানকে লাহিত করে।
তারা অকণ্ঠা ভাষায় ছাত্রলীগের নাম
ধরে গালিগালাজ করে। এ সময়
সাধারণ ছাত্রদের সহযোগিতায় চান
রক্ষা পান।

এ ব্যাপারে তিনি জানান, পরীক্ষার
পূর্ব প্রস্তুতি শেষ করে লাইব্রেরী থেকে
রুমে ফেরার পথে এসব তরুণ তাকে
বিরে কেলো। তারা তাকে অস্ত্রও
দেখায়। এমনকি কোন ছাত্রলীগ
কর্মীকে ক্যাম্পাসে পাওয়া গেলে গুলী
করা হবে বলে তারা হুমকি দেয় বলে
অভিযোগ পাওয়া গেছে। এই ঘটনার
পর পরই সকল পরীক্ষার্থীর মধ্যে
একটা চাপা আতংক ছড়িয়ে পড়ে।
ছাত্রলীগ (আ-অ) সভাপতি মোঃ শাহে
আলম ও সাধারণ সম্পাদক অসীম
কুমার উকিল এক বিবৃতিতে গতকাল
সোমবার দুপুরে মধুর কেটিনের
সামনে ছাত্রনেতা অহিদুজ্জামান চানকে
একদল সশস্ত্র তরুণ লাহিত করার
ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান।
বিবৃতিতে নেতৃবৃন্দ এসব অসন্ত্রাসী
তরুণরা জাতীয়তাবাদী ছাত্রদলের
মাস্তান কর্মী বলে অভিযোগ করেন।